

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়
রাজবাড়ী
(আইসিটি শাখা)
www.rajbari.gov.bd

রাজবাড়ী জেলা ইনোভেশন টিম/কমিটির ফেব্রুয়ারি ২০২৪ মাসের সভার কার্যবিবরণী

সভাপতি : আবু কায়সার খান
জেলা প্রশাসক, রাজবাড়ী
সভার তারিখ : ১৪/০২/২০২৪
সময় : দুপুর ১২:০০
সভার মাধ্যম : অনলাইন 'জুম ক্লাউড মিটিং'

সভায় অংশগ্রহণকারী সদস্যদের তালিকা সংশ্লিষ্ট নথিতে সংরক্ষণ করা হয়েছে।

সভার শুরুতে উপস্থিত সকলকে বসন্তের শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। সভাপতির অনুমতিক্রমে অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), রাজবাড়ী জানুয়ারি, ২০২৪ মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী পাঠ করে শোনান এবং কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। অতঃপর সভায় বিস্তারিত আলোচনা হয় এবং নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

ক্র. নং	আলোচনা	গৃহীত সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
১.	বিভিন্ন দপ্তরের ই-সেবাসমূহের ব্যাপক প্রচার: জেলা প্রশাসক, রাজবাড়ী বলেন যে, ডিজিটাল বাংলাদেশ বাস্তবায়নের অগ্রযাত্রায় সকল দপ্তরের অনেক সেবার ডিজিটালাইজেশন ঘটেছে। দপ্তরসমূহের চলমান ই-সেবাসমূহ সম্পর্কে জনসাধারণকে অবহিতকরণের নিমিত্ত তিনি প্রত্যেক দপ্তরকে ব্যাপক প্রচারের জন্য নির্দেশনা প্রদান করেন। এক্ষেত্রে ইউনিয়ন ডিজিটাল সেন্টারগুলোকে সম্পৃক্ত করার বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। এছাড়াও মাননীয় প্রধানমন্ত্রীর স্বপ্ন ২০৪১ সালের মধ্যে উন্নত, সমৃদ্ধ স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে প্রচেষ্টা অব্যাহত রাখার জন্য সকলকে অনুরোধ জানানো হয়।	ক) ই-সেবাসমূহের প্রচারের ব্যাপারে ইউনিয়ন ডিজিটাল সেন্টারগুলোকে সম্পৃক্ত করতে হবে। খ) মাননীয় প্রধানমন্ত্রীর স্বপ্ন ২০৪১ সালের মধ্যে উন্নত, সমৃদ্ধ স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।	১। দপ্তর প্রধান (সকল), রাজবাড়ী ২। অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), রাজবাড়ী ৩। সহকারী কমিশনার (আইসিটি), রাজবাড়ী
২.	ই-লাইসেন্স: অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), রাজবাড়ী সভায় জানান যে, ই-লাইসেন্স সংক্রান্ত সকল সেবা অনলাইনে প্রদান করতে হবে। ইতোমধ্যে এ কার্যালয় হতে অনলাইনে নিয়মিত ডিলিং লাইসেন্স প্রদানের কার্যক্রম চলমান রয়েছে। জানুয়ারি/২০২৪ মাস পর্যন্ত অনলাইনে মোট ১১১ টি ডিলিং লাইসেন্স এর আবেদন পাওয়া গিয়েছে। নিষ্পত্তি করা হয়েছে ৭১টি, অননুমোদিত ২১টি, নতুন আবেদন ০১টি এবং ১৮টি আবেদনের কার্যক্রম চলমান রয়েছে। এছাড়াও, সকল দপ্তর প্রধানকে যথাসম্ভব ক্যাশলেস, পেপারলেস ও প্রেজেন্সলেস সেবা প্রদানের লক্ষ্যে উদ্যোগী হতে অনুরোধ জানানো হয়।	ক) ই-লাইসেন্স সংক্রান্ত সকল সেবা অনলাইনে প্রদান করতে হবে। খ) ডিলিং লাইসেন্স অনলাইনে প্রদানের সংখ্যা বৃদ্ধি করতে হবে। গ) এ বিষয়ে প্রচার-প্রচারণা বৃদ্ধি করতে হবে।	১। বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, রাজবাড়ী ২। সহকারী কমিশনার (জেএম শাখা), রাজবাড়ী ৩। সহকারী কমিশনার (আইসিটি শাখা), রাজবাড়ী ৪। প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, রাজবাড়ী

<p>৩. জেলা ও উপজেলা পর্যায়ে ইনোভেশন: অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), রাজবাড়ী সভায় জানান যে, সকল দপ্তরের ইনোভেশনের তথ্য স্ব স্ব ওয়েব পোর্টালে হালনাগাদ করতে হবে এবং জেলা ও উপজেলার প্রতিটি দপ্তরকে তাদের নিজস্ব নতুন নতুন ইনোভেশনসমূহের তথ্য এ দপ্তরে প্রেরণ করতে হবে।</p>	<p>ক) জেলা ও উপজেলার সকল উদ্ভাবনী উদ্যোগের তথ্য যথাসময়ে উর্ধ্বতন অফিসে ও জেলা প্রশাসকের কার্যালয়ে প্রেরণ করতে হবে।</p> <p>খ) উদ্ভাবনী উদ্যোগসমূহের টেকসইকরণে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।</p> <p>গ) সকল দপ্তরের নিজস্ব ওয়েব পোর্টালে ইনোভেশন সংক্রান্ত তথ্য হালনাগাদ করতে হবে।</p>	<p>১। দপ্তর প্রধান (সকল), রাজবাড়ী</p> <p>২। অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), রাজবাড়ী</p> <p>৩। সহকারী কমিশনার, (আইসিটি), রাজবাড়ী</p> <p>৪। প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, রাজবাড়ী</p>
--	--	--

অতঃপর সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।



আবু কায়সার খান

জেলা প্রশাসক

রাজবাড়ী

ফোন-০২৪৭৮৮০৭৫৩৩

E-mail: dcrajbari@mopa.gov.bd

স্মারক নং- ০৫.৩০.৮২০০.০৩১.০৩.০০২.২২.০৭(৪০)/২৩

তারিখ: ০৭ ফাল্গুন ১৪৩০
২০ ফেব্রুয়ারি ২০২৪

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ০১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা/ প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা
- ০২। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ০৩। সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ০৪। বিভাগীয় কমিশনার, ঢাকা বিভাগ, ঢাকা
- ০৫। মহাপরিচালক (প্রশাসন) ও প্রকল্প পরিচালক, একসেস টু ইনফরমেশন (এটুআই) প্রোগ্রাম, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা
- ০৬। নির্বাহী পরিচালক, বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল, ঢাকা
- ০৭। অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক)/রাজস্ব/শিক্ষা ও আইসিটি/বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, রাজবাড়ী
- ০৮। অতিরিক্ত পুলিশ সুপার, পুলিশ সুপারের কার্যালয়, রাজবাড়ী
- ০৯। নির্বাহী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, রাজবাড়ী
- ১০। উপজেলা নির্বাহী অফিসার, রাজবাড়ী সদর/পাংশা/বালিয়াকান্দি/গোয়ালন্দ/কালুখালী, রাজবাড়ী
- ১১। সহকারী কমিশনার (ভূমি), রাজবাড়ী সদর/পাংশা/বালিয়াকান্দি/গোয়ালন্দ/কালুখালী, রাজবাড়ী
- ১২। উপ-পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, রাজবাড়ী
- ১৩। উপ-পরিচালক, সমাজসেবা অধিদপ্তর, রাজবাড়ী
- ১৪। উপ-পরিচালক, পরিবার পরিকল্পনা অধিদপ্তর, রাজবাড়ী
- ১৫। উপ-পরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, রাজবাড়ী
- ১৬। উপ-পরিচালক, বিআরডিবি, রাজবাড়ী
- ১৭। প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, রাজবাড়ী
- ১৮। জনাব,.....রাজবাড়ী



অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি)

রাজবাড়ী